রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২৩, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৮ই অগ্রহায়ণ, ১৩৯৮/২৩শে নভেম্বর, ১৯৯১

এস,আর,ও নং ৩৬৩-আইন/৯১/মবিম/শা-৪(জামস)-১৮/৯১—জাতীয় মহিলা সংস্থা আইন ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ধারা ২৫-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা জাতীয় মহিলা সংস্থা সদস্য নির্বাচন বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধিদপ্তর" অর্থ মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর;

(খ) "আইন" অর্থ জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন);

(গ) "উপজেলা কমিটি" অর্থ আইনের ধারা ১১ এর অধীন গঠিত উপজেলা কমিটি;

(ঘ) "জেলা কমিটি" অর্থ আইনের ধারা ১০ এর অধীন গঠিত জেলা কমিটি;

(ঙ) "নির্বাহী কমিটি" অর্থ আইনের ধারা ৯ এর অধীন গঠিত নির্বাহী কমিটি;

(চ) "পরিষদ" অর্থ আইনের ধারা ৮ এর অধীন গঠিত 'পরিচালনা পরিষদ';

(ছ) "বিধি" অর্থ আইনের ধারা ২৫-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক প্রণীত বিধি;

(জ) "ধারা" অর্থ আইনের বিভিন্ন ধারা।



মূল্য ঃ টাকা ৩·০০

৩। পরিষদের ভাইস-চেয়ারম্যান নির্বাচন।—

(১) পরিষদের চেয়ারম্যান একজন ভাইস-চেয়ারম্যান নির্বাচনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবেন;

(২) পরিষদের সদস্যগণের যে কেহ ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন;

(৩) পরিচালনা পরিষদের প্রত্যেক সদস্য ভাইস-চেয়ারম্যান নির্বাচনের উদ্দেশ্যে ভোট দানের জন্য ভোটার হিসাবে গণ্য হইবেন;

(৪) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রার্থীগণকে ফরম-ক অনুযায়ী পরিষদের চেয়ারম্যান বরাবরে আবেদন পত্র দাখিল করিতে হইবে;

(৫) মনোনয়ন পত্র দাখিলের পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাইবে;

(৬) পরিষদের চেয়ারম্যান মনোনয়ন পত্রগুলি বাছাইপূর্বক পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে ভাইস-চেয়ারম্যান নির্বাচনের জন্য মনোনয়ন চূড়ান্ত করিবেন এবং মনোনীত প্রার্থীগণের নাম প্রকাশ করিবেন;

(৭) চূড়ান্ত মনোনয়ন এবং নাম প্রকাশের পরবর্তী সপ্তম কর্ম দিবসের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(৮) জাতীয় মহিলা সংস্থার কেন্দ্রীয় কার্যালয়ে গোপন ব্যালটের মাধ্যমে পরিষদের সকল সদস্যগণ ভোট প্রদান করিবেন;

(৯) সমান সংখ্যক ভোট প্রাপ্তির ক্ষেত্রে পরিষদের চেয়ারম্যানের নির্ণায়ক ভোট (Casting Vote) প্রদানের ক্ষমতা থাকিবে ;

(১০) প্রশাসনিক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উপ-সচিব প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করিবেন এবং পরিষদের চেয়ারম্যান এবং প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ বা তাহাদের মনোনীত প্রতিনিধিদের, যদি কেহ থাকেন, উপস্থিতিতে ভোট গণনা করা হইবে এবং সর্বাধিক ভোটপ্রাপ্ত প্রার্থীকে ভাইস-চেয়ারম্যান পদে নির্বাচিত বলিয়া ঘোষণা করা হইবে। ফলাফলের একটি লিখিত বিবরণী ঘোষণার পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে প্রিজাইডিং অফিসার চেয়ারম্যান বরাবরে দাখিল করিবেন;

(১১) চেয়ারম্যান নির্বাচনের ফলাফল পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করিবেন।

৪। পরিষদের সদস্য পদে বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকা নির্বাচন।—

(১) প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষিকাগণের মধ্য হইতে দুইজন করিয়া সদস্য নির্বাচনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবেন;

(২) প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষিকাগণের প্রত্যেকে পরিচালনা পরিষদের সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন এবং পরিচালনা পরিষদের সদস্য নির্বাচনের জন্য ভোটদান করিবেন;

(৩) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রার্থীগণ 'ক' ফরম অনুযায়ী স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবরে মনোনয়ন পত্র দাখিল করিবেন;

(৪) মনোনয়ন পত্র দাখিলের পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাইবে;

(৫) উপাচার্যগণ মনোনয়ন পত্রগুলি বাছাইপূর্বক পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে পরিচালনা পরিষদে দুইজন সদস্য নির্বাচনের জন্য মনোনয়ন চূড়ান্ত করিবেন এবং মনোনীত প্রার্থীদের নাম প্রকাশ করিবেন;

(৬) চূড়ান্ত মনোনয়ন এবং নাম প্রকাশের পরবর্তী সপ্তম কর্ম দিবসের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(৭) গোপন ব্যালটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(৮) বিশ্ববিদ্যালয় হইতে পরিচালনা পরিষদের সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত কোন শিক্ষক, অধ্যাপক পদের নিম্নে নহেন, নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করিবেন;

(৯) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রিজাইডিং অফিসার, সর্বাধিক ভোটপ্রাপ্ত দুইজন প্রার্থীকে পরিচালনা পরিষদের সদস্য পদে নির্বাচিত ঘোষণা করিবেন এবং ২৪ ঘন্টার মধ্যে লিখিত ফলাফলের বিবরণী উপাচার্যের নিকট দাখিল করিবেন;

(১০) উপাচার্যগণ নির্বাচিত সদস্যদের নাম ফলাফল ঘোষণার পরবর্তী সপ্তম কর্ম-দিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়কে জানাইবে।

৫। পরিষদের সদস্য পদে মহিলা সংগঠনসমূহ হইতে সদস্য নির্বাচন।--

(১) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কর্মকর্তা স্বীকৃত মহিলা সংগঠনসমূহ হইতে পাঁচজন সদস্য নির্বাচনের জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবেন;

(২) সরকার কর্তৃক স্বীকৃত সকল মহিলা সংগঠনসমূহের সভানেত্রীগণ স্ব-স্ব সংগঠনের প্রতিনিধিরূপে পরিচালনা পরিষদের সদস্য নির্বাচনের জন্য ভোটার হিসাবে গণ্য হইবেন এবং পরিচালনা পরিষদে সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন;

(৩) পরিষদের সদস্য পদের নির্বাচন মহিলা বিষয়ক অধিদপ্তরে অনুষ্ঠিত হইবে;

(৪) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কর্মকর্তা অন্যূন ৩টি জাতীয় বাংলা দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রজ্ঞাপনের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানের তারিখ ঘোষণা করিবেন এবং একই সংগে সকল ভোটারদের নিকট ইহার অনুলিপি প্রেরণ করিবেন। পরিচালনা পরিষদের সদস্য পদে নির্বাচন আগ্রহী প্রার্থীগণ মহিলা বিষয়ক অধিদপ্তর হইতে মনোনয়ন পত্র ('ক' ফরম) সংগ্রহ করিয়া উক্ত প্রজ্ঞাপনে নির্ধারিত তারিখের মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কর্মকর্তা বরাবরে প্রেরণ করিবেন;

(৫) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কর্মকর্তা প্রজ্ঞাপনে নির্ধারিত তারিখের মধ্যে মনোনয়ন পত্র বাছাই করিয়া চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীর নাম প্রকাশ করিবেন এবং প্রতিদ্বন্দ্বি প্রার্থীসহ সকল ভোটারের নিকট ইহা প্রেরণ করিবেন;

(৬) ভোটারগণ নির্ধারিত তারিখে মহিলা বিষয়ক অধিদপ্তরে নিজ খরচে উপস্থিত হইয়া ভোট প্রদান করিতে পারিবেন অথবা ডাকযোগে সীল কভারে ভোট প্রদান করিতে পারিবেন;

(৭) মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করিবেন;

(৮) গোপন ব্যালটে ভোটগ্রহণ করা হইবে;

(৯) নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্ধারিত তারিখে সকাল ৮-৩০ ঘটিকা হইতে বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে। এই সময়ের মধ্যে ডাকযোগে প্রাপ্ত ভোটসহ সমুদয় প্রাপ্ত ভোট অধিদপ্তরের প্রধান কমকর্তা এবং প্রার্থীর মনোনীত প্রতিনিধিদের, যদি কেহ থাকে, উপস্থিতিতে প্রিজাইডিং অফিসার গণনা করিয়া ফলাফল ঘোষণা করিবেন;

(১০) প্রিজাইডিং অফিসার, নির্বাচনের লিখিত ফলাফল পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কর্মকর্তার নিকট দাখিল করিবেন;

(১১) অধিদপ্তরের প্রধান কর্মকর্তা নির্বাচনের ফলাফল পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করিবেন।

৬। নির্বাহী কমিটিতে নির্বাচিত সদস্য নির্বাচন।--

(১) পরিষদের চেয়ারম্যান চারজন নির্বাচিত সদস্য নির্বাচনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবেন;

(২) পরিষদের সদস্যগণের যে কেহ নির্বাহী কমিটির সদস্য পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন;

(৩) পরিচালনা পরিষদের সকল সদস্য নির্বাহী কমিটির সদস্য নির্বাচনের জন্য ভোট দান করিতে পারিবেন ;

(৪) নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রার্থীগণকে ফরম 'ক' অনুযায়ী পরিষদের চেয়ারম্যান বরাবরে আবেদন পত্র দাখিল করিতে হইবে;

(৫) মনোনয়ন পত্র দাখিলের পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাইবে;

(৬) পরিষদের চেয়ারম্যান মনোনয়ন পত্রগুলি বাছাইপূর্বক পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে সদস্য নির্বাচনের জন্য মনোনয়ন চূড়ান্ত করিবেন এবং মনোনীত প্রার্থীগণের নাম প্রকাশ করিবেন;

(৭) চূড়ান্ত মনোনয়ন এবং নাম প্রকাশের পরবর্তী সপ্তম কর্ম দিবসের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(৮) গোপন ব্যালটের মাধ্যমে পরিষদের সকল সদস্য ভোট প্রদান করিবেন;

(৯) সমান সংখ্যক ভোটপ্রাপ্তির ক্ষেত্রে পরিষদের চেয়ারম্যানের নির্ণায়ক ভোট ( Casting Vote ) প্রদানের ক্ষমতা থাকিবে;

(১০) প্রশাসনিক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উপ-সচিব প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করিবেন এবং চেয়ারম্যান এবং প্রার্থীদের মনোনীত প্রতিনিধিদের, যদি কেহ থাকেন, উপস্থিতিতে ভোট গণনা করা হইবে এবং সর্বাধিক ভোটপ্রাপ্ত চারজন প্রার্থীকে সদস্য পদে নির্বাচিত বলিয়া ঘোষণা করা হইবে;

(১১) ফলাফলের একটি লিখিত বিবরণী পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে প্রিজাইডিং অফিসার চেয়ারম্যান বরাবরে দাখিল করিবেন;

(১২) চেয়ারম্যান নির্বাচনের ফলাফল পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়কে লিখিতভাবে অবহিত করিবেন।

৭। জেলা কমিটিতে নির্বাচিত সদস্য নির্বাচন।—

(১) জেলা কমিটিতে নির্বাচিত সদস্য পদে প্রত্যেক জেলার মহিলা কল্যাণে নিয়োজিত সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী সংগঠনের সদস্য নির্বাচনের জন্য জেলা প্রশাসকগণ সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবেন;

(২) জেলায় অবস্থিত সরকার কর্তৃক স্বীকৃত সকল বেসরকারী সংগঠনের সভানেত্রীগণ স্ব-স্ব সংগঠনের প্রতিনিধিরূপে জেলা কমিটিতে সদস্য নির্বাচনের জন্য ভোটার হিসাবে গণ্য হইবেন এবং জেলা কমিটিতে সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন;

(৩) এই নির্বাচন সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হইবে;

(৪) জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলায় অবস্থিত সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী সংগঠনসমূহকে নির্বাচনের স্থান, তারিখ ও সময় এবং এতদসংক্রান্ত অন্যান্য তথ্যাদি অবহিত করিবেন;

(৫) জেলা প্রশাসক তাঁহার মনোনীত যে কোন কর্মকর্তাকে নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ করিবেন;

(৬) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিদের আগ্রহী প্রার্থীগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হইতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে মনোনয়নপত্র সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করিবেন;

(৭) জেলা প্রশাসক মনোনয়নপত্রগুলি বাছাইপূর্বক পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে মনোনয়ন চূড়ান্ত করিবেন এবং মনোনীত প্রার্থীদের নাম প্রকাশ করিবেন;

(৮) চূড়ান্ত মনোনয়ন এবং নাম প্রকাশের সপ্তম কর্ম দিবসের মধ্যে গোপন ব্যালটে নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(৯) নির্ধারিত তারিখে সকাল ৮-০০ ঘটিকা হইতে বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে;

(১০) প্রিজাইডিং অফিসার প্রাপ্ত সমুদয় ভোট প্রার্থীদের মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে, যদি কেহ উপস্থিত থাকেন, গণনা করিয়া ফলাফল ঘোষণা করিবেন;

(১১) প্রিজাইডিং অফিসার; নির্বাচনের ফলাফলের একটি লিখিত বিবরণী ফলাফল ঘোষণার পরবর্তী ২৪ ঘন্টার মধ্য জেলা প্রশাসকের নিকট দাখিল করিবেন;

(১২) জেলা প্রশাসক পরবর্তী দশম কর্ম দিবসের মধ্যে উক্ত ফলাফল প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিবেন।

৮। উপজেলা কমিটিতে নির্বাচিত সদস্য নির্বাচন।—

(১) উপজেলা কমিটিতে নির্বাচিত সদস্য পদে প্রত্যেক উপজেলার মহিলা কল্যাণে নিয়োজিত সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী সংগঠনের সদস্য নির্বাচনের জন্য উপজেলা নির্বাহী অফিসার সার্বিক ব্যবস্থা গ্রহণ করিবেন;

(২) উপজেলায় অবস্থিত সরকার কর্তৃক স্বীকৃত সকল মহিলা সংগঠনের সভানেত্রীগণ স্ব-স্ব সংগঠনের প্রতিনিধিরূপে উপজেলা কমিটিতে সদস্য নির্বাচনের জন্য ভোটার হিসাবে গণ্য হইবেন এবং প্রতিদ্বন্দ্বিতা করিতে পারিবেন;

(৩) এই নির্বাচন সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হইবে;

(৪) উপজেলা নির্বাহী অফিসার উপজেলায় অবস্থিত সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী মহিলা সংগঠনসমূহকে নির্বাচনের স্থান, তারিখ ও সময় এবং এতদসংক্রান্ত অন্যান্য তথ্যাদি অবহিত করিবেন;

(৫) উপজেলা নির্বাহী অফিসার তাঁহার মনোনীত যে কোন কর্মকর্তাকে নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রিজাইডিং অফিসারের দায়িত্ব প্রদান করিবেন;

(৬) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় আগ্রহী প্রার্থীগণ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হইতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে মনোনয়নপত্র সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করিবেন;

(৭) উপজেলা নির্বাহী অফিসার মনোনয়ন পত্রগুলি বাছাইপূর্বক পরবর্তী তৃতীয় কর্ম দিবসের মধ্যে মনোনয়ন চূড়ান্ত করিবেন এবং মনোনীত প্রার্থীদের নাম প্রকাশ করিবেন;

(৮) চূড়ান্ত মনোনয়ন এবং নাম প্রকাশের সপ্তম কর্ম দিবসের মধ্যে গোপন ব্যালটে নির্বাচন অনুষ্ঠিত হইবে;

(৯) নির্ধারিত তারিখে সকাল ৮-০০ ঘটিকা হইতে বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত ভোট গ্রহণ করা হইবে;

(১০) প্রিজাইডিং অফিসার প্রাপ্ত সমুদয় ভোট উপজেলা নির্বাহী অফিসার এবং প্রার্থীদের মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে, যদি কেহ উপস্থিত থাকেন, গণনা করিয়া ফলাফল ঘোষণা করিবেন;

(১১) প্রিজাইডিং অফিসার নির্বাচনের লিখিত ফলাফল পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করিবেন;

(১২) উপজেলা নির্বাহী অফিসার পরবর্তী দশম কর্ম দিবসের মধ্যে উক্ত ফলাফল প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, হোসেন

সচিব।

ফরম 'খ'

নমিনেশন ফর্ম

১। নাম ঃ ...............................................................................

২। জন্ম তারিখ ঃ ...............................................................................

৩। পেশা ঃ ...............................................................................

৪। শিক্ষাগত যোগ্যতাঃ ...............................................................................

৫। কর্মক্ষেত্রের ঠিকানা ঃ ...............................................................................
...............................................................................

৬। স্থায়ী ঠিকানা ঃ ...............................................................................
...............................................................................

৭। জেলার নাম ঃ ........................................

৮। সমাজ কর্মের অভিজ্ঞতা ঃ ...............................................................................
...............................................................................

৯। যে পদে প্রতিদ্বন্দ্বিতা করা হইবে, উহার নাম ঃ ...............................................
...............................................................................

প্রস্তাবকারীর নাম ঃ ........................................

...........................................

স্বাক্ষর ও তারিখ ঃ ........................................ পদ প্রার্থীর নাম

সমর্থনকারীর নাম ঃ ........................................ তারিখ ঃ ....................

স্বাক্ষর ঃ ........................................

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।